দৈনিক সংবাদ

তারিখ ... 05 MAR 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

নীতিমালা নেই

# মাস্টার্স প্রথম পর্বে ভর্তির নামে টাকা নেয়া হচ্ছে ইচ্ছেমাফিক

॥ অরূপ দত্ত ॥

প্রাইভেট কলেজগুলোর জন্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় ঐ কলেজগুলোতে চরম অরাজকতা চলছে। মাস্টার্স প্রথম পর্বের ভর্তিকে কেন্দ্র করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নয়া অনুমোদন প্রাপ্ত প্রাইভেট কলেজগুলো চূড়ান্ত ফায়দা লুটছে বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্ত কলেজগুলো মাস্টার্স প্রথম পর্বের ভর্তিচ্ছু অসহায় শিক্ষার্থীদের কাছ থেকে এককালীন বেতন ছাড়াও লাইব্রেরি ও কমনরুম ফি বাবদ হাতিয়ে নিচ্ছে হাজার হাজার টাকা।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্রে এসব তথ্য জানা গেছে।

সূত্র জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীন সরকারি কলেজগুলোতে মাস্টার্স প্রথম পর্বে ভর্তি ফি ৯শ' থেকে ১২শ' টাকা নেয়া হলেও প্রাইভেট কলেজগুলোতে ফি নেয়া হচ্ছে ১১ থেকে ১৫ হাজার টাকা। অনেক ক্ষেত্রে নিরুপায় শিক্ষার্থীদের কাছ থেকে হাতিয়ে নেয়া হচ্ছে ২০ হাজার থেকে ২৫ হাজার টাকা পর্যন্ত। এক্ষেত্রে সাধারণত শিক্ষার্থীদেরকে অতিরিক্ত টাকার রসিদ দেয়া হচ্ছে না। তবে ১১ থেকে ১৫ হাজার টাকার যে রসিদ দেয়া হচ্ছে তাতে রেজিস্ট্রেশন ফি ৩শ' ২৫ টাকা, মাসিক বেতন ৫ থেকে ৭শ' টাকা ১ বছরের বেতন এবং লাইব্রেরির ফি বাবদ বাকি সিংহভাগ অর্থ আদায় করা হচ্ছে।

সূত্র জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ৫শ' ২৮টি কলেজের মধ্যে রাজধানীর মোট ১০টি কলেজে মাস্টার্স প্রিলিমিনারি কোর্স চালু আছে। অনুমোদনপ্রাপ্ত কলেজগুলো হল ঢাকা কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, তেজগাঁ কলেজ, সিদ্ধেশ্বরী কলেজ, আবু জর গিফারী কলেজ, কবি নজরুল ইসলাম কলেজ, মিরপুর কলেজ ও মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ। এগুলোর মধ্যে গত বছর থেকে যে সব কলেজকে অনুমোদন দেয়া হয়েছে সেগুলোতেই চলছে বড় ধরনের অনিয়ম-দুর্নীতি। সূত্রমতে, শুধু ভর্তি নয়, ভর্তির পরও কলেজ কর্তৃপক্ষের নানা ধরনের অনিয়মের শিকার হচ্ছে শিক্ষার্থীরা। হালে অনুমোদনপ্রাপ্ত এসব কলেজে ইসলামের ইতিহাস, ইসলামিক স্টাডিজ, বাংলা, সমাজকল্যাণ প্রভৃতি বিষয় রয়েছে। এসব কলেজে শিক্ষাদান পদ্ধতিও নিম্নমানের বলে অভিযোগ রয়েছে।